

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩২
খোয়াই, ০৯ ফেব্রুয়ারি, ২০২৪

খোয়াই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ডিএনএ ক্লাবের উদ্বোধন

আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ডিএনএ ক্লাবের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। তিনি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পরিবেশের ভারসাম্য বজায় রাখার পাশাপাশি ভবিষ্যত প্রজন্মকে স্বচ্ছ ও সুস্থ পরিবেশ উপহার দিতে পরিবেশ বান্ধব কর্মকাণ্ডে সামিল হতে সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবানীস নাথ শর্মা। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাপতি হরিশঙ্কর পাল, মহকুমা শাসক মেঘা জৈন, বায়ো টেকনোলজি কাউন্সিলের ডেপুটি মেম্বার সেক্রেটারি অঞ্জন সেনগুপ্ত। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয়ের দ্বিতল ভবনে বায়ো প্রজেক্ট প্রদর্শনী হলের উদ্বোধন করেন জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। তিনি দেয়াল পত্রিকারও আবরণ উন্মোচন করেন। এর পর বিদ্যালয় প্রাঙ্গণে মেডিসিন প্ল্যান্ট পার্কে উপস্থিত অতিথিগণ ১১টি ঔষধী বৃক্ষ রোপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের শিক্ষক সিন্ধু কুমার বড়ুয়া।
